দৈনিক ইত্তেফাক

তারিখ ... 08-MAR-2012 ...
পৃঃ ... ২৪ কলাম ... ২ ...

ভিকারুননিসা নূন স্কুলের ছাত্রী ধর্ষণ মামলা

সাবেক অধ্যক্ষ হোসনে আরা ও শাখা প্রধানের অব্যাহতি

পরিমলের বিরুদ্ধে অভিযোগ গঠন

■ কোর্ট রিপোর্টার

ছাত্রী ধর্ষণের মামলায় শিক্ষক পরিমল জয়ধরের বিরুদ্ধে অভিযোগ গঠন করেছে আদালত। একইসঙ্গে ধর্ষণে সহায়তার অপরাধে অভিযোগ গঠনের মতো পর্যাপ্ত উপাদান না থাকায় অপর দুই আসামি ভিকারুননিসা নূন স্কুলের তৎকালীন অধ্যক্ষ হোসনে আরা বেগম ও বসুন্ধরা শাখা প্রধান লুৎফর রহমানকে মামলার দায় হতে অব্যাহতি দেয়া হয়েছে। গতকাল বুধবার ঢাকার চার নম্বর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক মো. আব্দুর রহমান এ আদেশ দেন।

এর আগে মামলার প্রধান আসামি পরিমল জয়ধরসহ অপর দুই আসামি ভিকারুননিসা নূন স্কুলের অধ্যক্ষ ও বসুন্ধরা শাখা প্রধানের আলাদা আলাদাভাবে মামলার দায় থেকে অব্যাহতির আবেদনের ওপর শুনানি হয়। শুনানির সময় জামিনে থাকা দুই আসামি হোসনে আরা বেগম ও লুৎফর রহমান আদালতে হাজির ছিলেন। পরিমল জয়ধরকে কারাগার থেকে আদালতে আনা হয়।

অভিযোগ গঠনের আগে ধর্ষণের অপরাধে দোষী কিনা পরিমলের কাছে জানতে চাওয়া হয়। জবাবে পরিমল নিজেকে নির্দোষ পৃষ্ঠা ২ কলাম ২

সাবেক অধ্যক্ষ হোসনে আরা

২৪ পৃষ্ঠার পর

দাবি করেন ও বিচার চান। এ সময় বিচারক তার জামিনের আবেদন নাকচ করেন। আদালতে অধ্যক্ষ হোসনে আরার আইনজীবী কাজী নজিবউল্যাহ হিরু শুনানিতে বলেন, মূল অপরাধ সংঘটনে সহায়তা করলে নারী ও শিশু নির্যাতন দমন আইনের ৩০ ধারায় আসামিরা অভিযুক্ত হতে পারেন। আসামি হোসনে আরা বিষয়টি জানতে পারেন মূল অপরাধ সংঘটিত হবার পর। তাই তাকে অভিযোগ থেকে অব্যাহতি দেয়া হোক।

লুৎফর রহমানের আইনজীবী গাজী শাহ আলম বলেন, অভিযোগপত্রে তাদের বিরুদ্ধে আলামত ধ্বংসের অভিযোগ আনা হয়েছে। স্কুল ক্যাম্পাসের বাইরে কোচিং কিংবা বাসায় সংঘটিত কোনো ঘটনার জন্য অধ্যক্ষ কিংবা প্রধান শিক্ষককে দায়ী করা যায় না। এখানে লুৎফরের সহায়তা করার কোন সুযোগ নেই। নারী ও শিশু আইনের এই মামলায় তার বিরুদ্ধে অভিযোগ গঠন করার মতো কোনো উপাদান নেই।

পরিমলের আইনজীবী মাহফুজ মিয়া বলেন, এটি একটি বিসম্বিত এজাহার। পূর্বশত্রুতার জের ধরে অধ্যক্ষ হোসনে আরা ও লুৎফর রহমানকে ভিকারুননিসা স্কুল অ্যান্ড কলেজ থেকে সরাতে দাবার ঘুঁটি হিসাবে পরিমলকে ব্যবহার করা হয়েছে। তিনি পরিমল জয়ধরের বিরুদ্ধে আনা অভিযোগের দায় থেকে অব্যাহতি দেয়ার প্রার্থনা করেন।

রাষ্ট্রপক্ষের বিশেষ কৌসুলি ফোরকান মিয়া ও বাদীপক্ষের আইনজীবী জিল্লুর রহমান তালুকদার আসামিদের অব্যাহতির আবেদনের বিরুদ্ধে আপত্তি জানান।